

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪৮৯(আগরতলা, ১০।০৯)

সার্বম, ১০ সেপ্টেম্বর, ২০২০

আগামীকাল সার্বমে স্পেশাল ইকোনমিক জোনের শিলান্যাস

আগামীকাল দুপুর একটায় সার্বমে স্পেশাল ইকোনমিক জোন (সেজ)-এর শিলান্যাস করবেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। দক্ষিণ ত্রিপুরা জেলার সার্বম মহকুমার পশ্চিম জলেফাতে এই অনুষ্ঠান হবে। ভারত সরকারের বাণিজ্য ও শিল্প মন্ত্রকের কেন্দ্রীয় মন্ত্রী পিয়ুষ গোয়েল এই শিলান্যাস অনুষ্ঠানে ভিডিও কনফারেন্সের মাধ্যমে অংশ নেবেন। অনুষ্ঠানে অন্যান্য বিশিষ্টদের মধ্যে উপস্থিত থাকবেন বিধায়ক শঙ্কর রায়, ত্রিপুরা ইন্ডাস্ট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডের চেয়ারম্যান টিংকু রায়। এছাড়া ত্রিপুরা বাণিজ্য ও শিল্প দপ্তরের সচিব কিরণ গিত্যেও অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।
